

নম্বরঃ ১৯.০০.০০০০.৯০০.৪৪.০২৯.২১-৪০১

তারিখঃ ২৮ আষাঢ় ১৪২৮  
১৩ জুলাই ২০২১

### পরিপত্র

বিষয়ঃ বিদেশগামী বাংলাদেশী শিক্ষার্থীদের করোনা ভ্যাক্সিন গ্রহণের জন্য রেজিস্ট্রেশন

এই মর্মে জানানো যাচ্ছে যে, বিদেশে অধ্যয়নরত কিন্তু করোনা মহামারীর কারণে বাংলাদেশে বর্তমানে অবস্থানরত এবং বিদেশে শিক্ষালাভে ইচ্ছুক বাংলাদেশী শিক্ষার্থীদের করোনা ভ্যাক্সিন গ্রহণের রেজিস্ট্রেশন সম্পর্কিত আবেদন পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা গ্রহণ করবে।

২। সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় কাগজপত্র (পাসপোর্ট, ভিসা (প্রযোজ্য ক্ষেত্রে) বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি কনফারমেশন ডকুমেন্ট/ ছাত্র প্রমাণের সনদ/স্টুডেন্ট আইডি) স্ক্যান পূর্বক একটি ZIP/PDF ফাইলে নিম্নলিখিত ইমেইল এ আগামী **১৩ জুলাই ২০২১ তারিখ হতে ২৭ জুলাই ২০২১** তারিখ এর মধ্যে পাঠানোর জন্য অনুরোধ করা যাচ্ছে। ইমেইলের বিষয় (Subject) হিসেবে অবশ্যই **“Application for COVID-19 vaccination for students studying abroad (Passport No.)”** উল্লেখ করতে হবে।


৩। আরও জানানো যাচ্ছে যে, আবেদনকারীকে (<https://forms.gle/6hN5a7P4bHX6r9AS9>) গুগল ফর্মটি যথাযথভাবে পূরণ অত্যাবশ্যিক।

৪। উল্লেখ্য, শুধুমাত্র অনুচ্ছেদ-২ এবং অনুচ্ছেদ-৩ এর নির্দেশাবলী সঠিকভাবে পালন পূর্বক প্রেরিত আবেদন গৃহীত হবে।

৫। আবেদনের পরবর্তী ৩ (তিন) কার্যদিবস পর সুরক্ষা অ্যাপে/ওয়েব পোর্টালে রেজিস্ট্রেশন করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

৬। যে কোনো প্রাসঙ্গিক তথ্যের জন্য প্রদত্ত ইমেইলের মাধ্যমে যোগাযোগ করা যেতে পারে।

৭। সকলের অবগতির জন্য পরিপত্রটি জারি করা হলো।

  
২৬-০৭-২০২১  
(তাসনিমা ইফফাত)  
সহকারী সচিব  
করোনা সেল

ই-মেইলঃ vaccine.coronacell@mofa.gov.bd